রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/০২ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং ২৭৮-আইন/আয়কর-১২/২০২৩—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে, ইস্পাহানী ইসলামিয়া আই ইনস্টিটিউট ও হাসপাতাল এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত চিকিৎসা সেবা হইতে উদ্ভুত আয়কে উক্ত আইনের অধীন আরোপনীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি

(ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতি প্রাপ্ত সম্পূর্ণ আয় কেবল ইস্পাহানী ইসলামিয়া আই ইনস্টিটিউট ও হাসপাতালের স্বাস্থ্যসেবা, স্বাস্থ্যশিক্ষা এবং উহার উন্নয়ন কর্মকাণ্ডে ব্যয় করিতে হইবে;

(খ) উক্ত প্রতিষ্ঠানকে উক্ত আইনের ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এ বর্ণিত সকল শর্তাবলি পরিপালন করিতে হইবে;

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) উক্ত প্রতিষ্ঠানের হাসপাতাল কর্তৃক পরিচালিত মোট শয্যার অন্যূন ১০ (দশ) শতাংশ শয্যা দরিদ্র রোগীদের বিনামূল্যে চিকিৎসার জন্য সংরক্ষিত রাখিতে হইবে ও মোট অপারেশনের ১০ (দশ) শতাংশ অপারেশন দরিদ্র রোগীদের বিনামূল্যে সম্পন্ন করিতে হইবে এবং এতদ্‌বিষয়ে প্রদত্ত সেবার হালনাগাদ তথ্য উক্ত হাসপাতালের নোটিশ বোর্ডে দৈনিক প্রদর্শন করিতে হইবে;

(ঘ) সমজাতীয় অন্যান্য হাসপাতালের সেবা মূল্য অপেক্ষা হ্রাসকৃত মূল্যে সেবা প্রদান করিতে হইবে; এবং

(ঙ) উক্ত হাসপাতালের দৃশ্যমান কোনো স্থানে এই প্রজ্ঞাপনের সুস্পষ্ট মুদ্রিত কপি প্রদর্শন করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com